

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/26/2019

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো আজ 2020-র এক্সিকিউটিভ বাজেটের অংশ হিসাবে স্টার (STAR) প্রতারণা এবং অপব্যবহার প্রতিরোধ করার প্রস্তাব ঘোষণা করেছেন

**আবেদনকারী যে সকল ব্যক্তি STAR আবেদনগুলিতে জেনেশুনে মিথ্যা তথ্য দিয়েছেন তাদের STAR সুবিধার যোগ্যতার উপর ছয়-বছরের নিষেধাজ্ঞা জারি করার দ্বারা কৈফিয়ত দিতে বাধ্য করা হবে**

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো স্কুল ট্যাক্স রিলিফ (School Tax Relief, STAR) কর্মসূচিকে প্রতারণা ও অপব্যবহার মুক্ত রাখার জন্য স্টেটের প্রচেষ্টার উপর ভিত্তি করে গঠিত একটি সুস্পষ্ট প্রস্তাব ঘোষণা করেছেন, যার মধ্যে থাকবে যারা একটি STAR ক্রেডিট আবেদনে জেনেশুনে মিথ্যা তথ্য দেবেন তাদের উপর ছয়-বছরের নিষেধাজ্ঞা, সেই সময় মেয়াদে তাদের স্টার সুবিধাগুলি পাওয়া থেকে বাদ দেওয়া হবে। বিধিটি STAR আয় যাচাইকরণ কর্মসূচি (STAR Income Verification Program) কে সম্প্রসারিত করবে এবং প্রাথমিক আবাস একই বছরে STAR ছাড় পেয়েছে এরকম কাউকে ভুলবশত STAR চেক পাঠিয়ে দেওয়া হলে, ট্যাক্স ও ফিন্যান্স ডিপার্টমেন্টের কমিশনারকে, অন্যথাভাবে মঞ্জুর করা সুবিধাগুলি পুনরুদ্ধারে সহায়তা করতে রিপেমেন্টের জন্য তাগাদা দেওয়ার অনুমতি দেবে।

"STAR কর্মসূচি সম্পত্তির মালিকদের একটি উল্লেখযোগ্য সুবিধা প্রদান করে, এবং যারা সং নিউ ইয়র্কবাসীদের কাজে লাগিয়ে লাভ করার চেষ্টা করে তাদের অবশ্যই কৈফিয়ত দিতে হবে", **গভর্নর কুওমো বলেছেন।** "প্রতারণার বিরুদ্ধে লড়াই করার এই আগ্রাসী নীতি আরও একবার একটি সুস্পষ্ট বার্তা প্রেরণ করছে যে শাসনব্যবস্থার সাথে প্রতারণা করা যে কোনো ব্যক্তির জন্য নিউ শূন্য শহনশীলতা অবলম্বন করে।"

2013 তে, গভর্নর কুওমো নিষিদ্ধ সম্পত্তির মালিক যারা ছয় বছরের ছাড় পাওয়ার জন্য একটি STAR ছাড়ের আবেদনে বস্তুগত মিথ্যা বিবৃতি দিয়েছিলেন তাদের সহ অনিয়মিত করদাতাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য STAR কর্মসূচিতে সংস্কার করেছিলেন। 2015 তে, স্টেটের ডিপার্টমেন্ট অফ ট্যাক্সেশন এবং ফিন্যান্সকে (Department of Taxation and Finance) আগের বছরগুলিতে অবৈধভাবে যারা স্টেটের সুবিধাগুলি পেয়েছেন সেই সমস্ত সম্পত্তির মালিকদের থেকে STAR সুবিধাগুলির জন্য ক্ষতিপূরণ আদায় করার অনুমতি দেওয়া হয়েছিল, এমন একটি ক্ষমতা যা আগে শুধুমাত্র স্থানীয় করনির্ধারকদের দেওয়া হত।

STAR কর্মসূচিটি স্কুলের সম্পত্তির কর থেকে 3.4 বিলিয়ন ডলার ছাড় প্রদান করে। এটি 500,000 ডলারের কম আয়যুক্ত বাড়ির মালিকদের জন্য প্রাথমিক স্টার সুবিধাকে, এবং 86,300 ডলার বা তার কম আয়যুক্ত প্রবীণদের জন্য বর্ধিত স্টার সুবিধাকে অন্তর্ভুক্ত করে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)